



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৭৭৬.১৪-৫৭৭


তারিখঃ ২১/৮/২০১৭ খ্রি:।

### অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” (সংশোধিত) প্রকল্পের সুফলভোগীদের কাছ থেকে আদায়কৃত সঞ্চয় ও ঋণের কিস্তি মাঠ সংগঠক কর্তৃক সমিতি পর্যায়ে মোবাইল এবস্ এর মাধ্যমে এন্ট্রি দেয়ার নির্দেশনা প্রদান করা হলেও লক্ষ্য করা যাচ্ছে কিছু কিছু উপজেলায় তা প্রতিপালিত হচ্ছে না। অনলাইন এর মাধ্যমে এই সকল তথ্য এন্ট্রি দেয়ার জন্য গ্রামীণ ফোন এর ইন্টারনেট সিম সরবরাহ করা হয়েছে এবং প্রতিটি সিমের বিপরীতে প্রতি মাসে গ্রামীণ ফোন কে নির্দিষ্ট পরিমাণ বিল পরিশোধ করতে হয়। এখন থেকে এআরডিও ও মাঠ সংগঠক সমিতি পর্যায়ে যাচ্ছেন কিনা তা সমিতির স্থানের অক্ষাংশ ও দ্রাঘিমাংশ (Lat. & Long.) ব্যবহার করে মোবাইল ট্রেকার এর মাধ্যমে যাচাই করা হবে। তাই গ্রামীণ ফোনের সিমটি সার্বক্ষণিক সচল রাখাসহ ব্যবহার নিশ্চিত করতে হবে। এছাড়া সমিতি পর্যায়ে সদস্যদের বিভিন্ন ধরনের দৃশমান কার্যক্রমসহ কিস্তি আদায়ের ছবি সময় সময় ফেসবুকে ও প্রকল্পের ই-মেইল আইডিতে আপ করতে হবে। সিমটি ব্যবহার করা না হলে অথবা বন্ধ থাকলে এবং ব্যবহারকারীর সঙ্গে সার্বক্ষণিক না থাকার কারণে তার সমিতি পরিদর্শনের বিষয়টি নিশ্চিত না হওয়ার ফলে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের কে অনুপস্থিত বিবেচনায় ঐ দিনের বেতন-ভাতা কর্তন করা হবে।

২। প্রকল্প হতে অগ্রিম প্রদান পূর্বক এআরডিওদের ল্যাটপ এবং মাঠ সংগঠকদের ট্যাব ক্রয়ের নির্দেশনা প্রদান করা হয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, ল্যাটপ/ট্যাব ক্রয়ের জন্য যে পরিমাণ অগ্রিম প্রদান করা হয়েছে তা দিয়ে ল্যাটপ/ট্যাব ক্রয় না করে কম টাকায় নিম্নমানের ক্রয় করার ফলে বর্তমানে তা ব্যবহার অযোগ্য। যাদের ল্যাটপ/ট্যাব ব্যবহারের অযোগ্য রয়েছে তাদের নিজ অর্থে তা পুনরায় ক্রয় করে ব্যবহার নিশ্চিত করতে হবে। অন্যথায় এ বিষয়ে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রকল্পের এআরডিও ও মাঠ সংগঠকগণ সমিতি পরিদর্শন এর ক্ষেত্রে কমপক্ষে ৬০.০০ মিনিট সমিতিতে অবস্থান করে সঞ্চয় ও ঋণের কিস্তি আদায় এবং বিভিন্ন বিষয়ে সুফলভোগী সদস্যদের সাথে মতবিনিময় করতে হবে। সমিতিতে ৬০.০০ মিনিট অবস্থান না করলে সমিতির হিসাব পত্র যাচাইসহ অন্যান্য কার্যক্রম সঠিকভাবে করা সম্ভব নয়। তাই উক্ত সময়ের কম অবস্থান করলে তিনি ঐ সমিতিতে গমন করেননি মর্মে প্রতীয়মান হবে।

  
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।  
ফোন নং-০২-৮১৮০১৪৪

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ-

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা ঃ-----।
২. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, ----- উপজেলা, ----- জেলা।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল), ইরেসপো, বিআরডিবি, -----উপজেলা, -----জেলা।
৫. হিসাব সহকারী (সকল), ইরেসপো, বিআরডিবি, -----উপজেলা, -----জেলা।
৬. মাঠ সংগঠক (সকল), ইরেসপো, বিআরডিবি, -----উপজেলা, -----জেলা।
৭. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৮. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৯. অফিস কপি/সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।